# AKASHVANI(AIR)
# RNU:KOLKATA
# BengaliText Bulletin

**Date 26-11-2025 Time: 1.30 P.M.**

---

বিশেষ বিশেষ খবর:–

১) দেশ জুড়ে আজ ৭৬-তম সংবিধান দিবস উদযাপিত হচ্ছে। নতুন দিল্লীর সংবিধান সদনের সেন্ট্রাল হলে আয়োজিত মূল অনুষ্ঠানে রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু বলেছেন, সংবিধান হল জাতীয় পরিচিতির মূল ভিত্তি এবং উন্নয়নের পথ নির্দেশিকা।

২) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী সংবিধান দিবসে দেশবাসীর উদ্দেশে লেখা চিঠিতে ভারতের অগ্রগতিতে নিজেদের কর্তব্য পালনে অবিচল থাকার আহ্বান জানিয়েছেন।

৩) ভিডিও কনফারেন্সিং-এর মাধ্যমে প্রধানমন্ত্রী হায়দ্রাবাদে সাফ্রান এয়ার ক্রাফ্ট ইঞ্জিন সার্ভিসেস ইন্ডিয়া SAESI-এর আজ সূচনা করেছেন।

৪) সারা দেশ আজ সশ্রদ্ধ চিত্তে ২৬/১১-র মুম্বই জঙ্গী হানার দিনটি স্মরণ করছে।

৫) দিল্লির লালকেল্লার কাছে গাড়ি বিস্ফোরণে জড়িত উমর উন নবীকে আশ্রয় দেওয়ার অভিযোগে ফরিদাবাদের বাসিন্দা এক ব্যক্তিকে গ্রেপ্তার করেছে এনআইএ।

৬) দক্ষিণ আফ্রিকা, ভারতের বিরুদ্ধে ২ ম্যাচের ক্রিকেট টেস্ট সিরিজ ২-০-এ জিতে নিয়েছে।

---

নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে আজ ৭৬-তম সংবিধান দিবস উদযাপিত হচ্ছে। এবারের সংবিধান দিবসের মূল ভাবনা হামারা সংবিধান – হামারা স্বভিমান

অর্থাৎ, আমাদের সংবিধান-আমাদের গর্ব। এই উপলক্ষে নতুন দিল্লির সংবিধান সদনের সেন্ট্রাল হলে রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু সংবিধানের Preamble বা প্রস্তাবনা পাঠ করে মূল অনুষ্ঠানের সূচনা করেন। তিনি বলেন, সংবিধান হল জাতীয় পরিচিতির মূল ভিত্তি। দেশকে উন্নয়নের পথে নিয়ে যাওয়ার দিক নির্দেশ করে এটি। সংবিধান জনগণের আশা আকাঙ্খা পূরণে কার্যকর রূপরেখা প্রদান করেছে।

বাইট

তিনি আরও বলেন, ভারতীয় সংসদ বিশ্বের বিভিন্ন দেশের কাছে এক উদাহরণ হিসাবে উঠে এসেছে। গত এক দশকে এই সংসদ দেখিয়েছে, কিভাবে জনগণের আশা আকাঙ্খা পূরণ করতে হয়। সংবিধান নির্মাতারা চেয়েছিলেন, সংবিধানের মাধ্যমে জনগণের সম্মিলিত এবং ব্যক্তিগত মর্যাদাকে অক্ষুন্ন রাখতে। এই সংসদ তাও সুনিশ্চত করেছে।

উপরাষ্ট্রপতি সি পি রাধাকৃষ্ণান বলেছেন, স্বাধীনতার জন্য লড়াই করা লক্ষ লক্ষ দেশবাসীর স্বপ্ন, আত্মত্যাগ এবং সম্মিলিত জ্ঞানের প্রতীক হল এই সংবিধান। বিশিষ্ট শিক্ষাবিদ, নাতি নির্ধারক কমিটি এবং সাংবাধিনিক সভার সদস্যরা কোটি কোটি ভারতবাসীর আশা পূরণে তাদের সুচিন্তিত মতামত দিয়েছেন। সংবিধানের চেতনা প্রমাণ করে দিয়েছে ভারত এক এবং চিরকাল তা একইরকম থাকবে। শ্রী রাধাকৃষ্ণান সংবিধান রচনার জন্য ডক্টর বি আর আম্বেদকার, ডক্টর রাজেন্দ্র প্রসাদ, এন গোপালাস্বামী আয়াঙ্গার, আল্লাদী কৃষ্ণাস্বোয়ামি আয়ার সহ অন্যান্যদের প্রতি কৃতজ্ঞতা ব্যক্ত করেন।

বাইট

লোকসভার অধ্যক্ষ ওম বিড়লা, তাঁর ভাষণে বলেন, সংবিধানের ছত্রছায়ার অধীনে দেশে সুপ্রশাসন এবং আর্থ সামাজিক উন্নয়নের এক রূপান্তরমূলক যাত্রার সূচনা হয়েছে।

বাইট

মালায়লাম, মারাঠি, নেপালি, পাঞ্জাবি, বোরো, কাশ্মীরি, তেলুগু, ওড়িয়া ও অসমীয়া এই নয়টি ভাষায় অনুদিত ভারতের সংবিধান প্রকাশ করেন রাষ্ট্রপতি মুর্মু। এছাড়া ভারত কি সংবিধান সে কলা ও ক্যালিগ্রাফিক শীর্ষক একটি স্মারক পুস্তিকাও প্রকাশিত হয়।

উল্লেক্ষ্য, ভারতের সংবিধান গৃহীত হওয়ার স্মরণে এই দিনটি স্বাধীন ভারতে ১৯৪৯ সালের ২৬-শে নভেম্বর দেশের সংবিধান অনুমোদিত ও গৃহীত হয়। তবে, তা কার্যকর হয়েছিল, ১৯৫০ সালের ২৬-শে জানুয়ারী।

---------------------

সংবিধান দিবস উপলক্ষে নিজেদের কর্তব্যকে সর্বাগ্রে স্থান দিতে আহ্বান জানিয়ে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি দেশবাসীর উদ্দেশে খোলা চিঠি লিখেছেন । সেখানে তিনি দেশের অগ্রগতির পথে সংবিধানকে আজও পথপ্রদর্শক শক্তি বলে উল্লেখ করেছেন। উন্নত ও সক্ষম দেশ গঠনের লক্ষ্যে প্রধানমন্ত্রী সার্বজনীন ভোটাধিকার প্রয়োগের মাধ্যমেই গণতন্ত্রকে আরও শক্তিশালী করার আবেদন জানান। সংসদ ও সংবিধানের প্রতি নিজের শ্রদ্ধার কথা তুলে ধরে তিনি বলেন, সংবিধানই দেশজুড়ে সাধারণ পরিবার থেকে উঠে আসা মানুষদের সর্বোচ্চ স্তরে দেশসেবার সুযোগ করে দিয়েছে। ড. রাজেন্দ্র প্রসাদ, বাবাসাহেব আম্বেদকর-সহ সংবিধান প্রণেতাদের শ্রদ্ধা জানিয়ে প্রধানমন্ত্রী বলেন, তাঁদের দূরদর্শিতা ভারতীয় সংবিধানকে সমৃদ্ধ করেছে।

প্রধানমন্ত্রী বলেন, এ বছরের সংবিধান দিবস বিশেষ তাৎপর্যপূর্ণ। কারণ এ বছরই সার্দার বল্লভভাই পটেল ও ভগবান বীরসা মুন্ডার ১৫০তম জন্মবার্ষিকী, ‘বন্দে মাতরম’-এর ১৫০ বছর এবং শ্রী গুরু তেগ বাহাদুর জির ৩৫০তম আত্মদান বার্ষিকী পালিত হচ্ছে।২০১৫ সালে ২৬ নভেম্বরকে ‘সংবিধান দিবস’ হিসেবে ঘোষণা করা হয় সংবিধানের প্রতি গভীর শ্রদ্ধা জানাতেই।

---------------------

বিমান তৈরির অভ্যন্তরীন বাজারের ক্ষেত্রে ভারত বিশ্বের দ্রুত বর্ধনশীল দেশগুলির মধ্যে অন্যতম বলে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী জানিয়েছেন। ভিডিও কনফারেন্সিং-এর মাধ্যমে হায়দ্রাবাদের জি এম আর অ্যারোস্পেস ও ইন্ডাস্ট্রিয়াল পার্কে, সাফ্রান এয়ার ক্রাফ্ট ইঞ্জিন সার্ভিসেস ইন্ডিয়া SAESI-এর আজ সূচনা করেন তিনি। প্রধানমন্ত্রী বলেন, ভারত বিনিয়োগ এবং উদ্ভাবনকে সর্বদাই উৎসাহিত করে এসেছে। উৎপাদন ভিত্তিক উৎসাহ দান প্রকল্প আন্তর্জাতিক কোম্পানীগুলিকে ভারতে বিনিয়োগের জন্য আগ্রহী করে তুলছে। যারা এদেশে বিনিয়োগ করছেন, ভারত শুধুমাত্র তাদের লগ্নীকারী হিসাবেই নয়, সহ নির্মাতা হিসাবেও গণ্য করে। বিকশিত ভারতের লক্ষ্য অর্জনে তারাও ভারতের অংশীদার। আন্তর্জাতিক বিনিয়োগ এবং শিল্পকে উৎসাহিত করতে সরকার একাধিক রূপান্তরমূলক উদ্যোগ গ্রহণ করেছে। স্বনির্ভর ভারত গঠনে SAESI সুবিধা একটি তাৎপর্যপূর্ণ পদক্ষেপ বলে উল্লেখ করেন শ্রী মোদী।

তিনি বলেন, ভারত বিমান তৈরির ক্ষেত্র নতুন যাত্রার জন্য প্রস্তুত। সাফরানের তৈরি এই নতুন সুবিধা আন্তর্জাতিক স্তরে ভারতের স্থান অন্যমাত্রায় নিয়ে যাবে।

(বাইট-এমআরও মোদী)

---------------------

সারা দেশ আজ সশ্রদ্ধ চিত্তে ২৬/১১-র মুম্বই জঙ্গী হানার জিনটি স্মরণ করছে।

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু আজকের দিনে দেশের সুরক্ষায় শহীদ, সাহসী সেনা জওয়ানদের আত্মত্যাগকে স্মরণ করেন। সামাজিক মাধ্যমের এক বার্তায় রাষ্ট্রপতি বলেছেন, গোটা দেশ তাদের এই বলিদানের জন্য কৃতজ্ঞ। সব ধরনের সন্ত্রাসবাদের সঙ্গে লড়াই করার জন্য দেশবাসীকে একজোট হওয়ার এবং উন্নত ভারত গড়ে তোলার আহ্বান জানিয়েছেন রাষ্ট্রপতি।

প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং ২৬/১১ মুম্বই জঙ্গী হামলায় নিহত সকলের প্রতি শ্রদ্ধা নিবেদন করেছেন। জঙ্গীদের সামনে পুলিশ ও নিরাপত্তা বাহিনীর অদম্য সাহসকেও কুর্নিশ জানান তিনি। রাজনাথ সিং বলেন, নিরাপত্তা বাহিনীর আত্মত্যাগ সন্ত্রাসবাদের বিরুদ্ধে দেশের লড়াইকে সুদৃঢ় করবে।

স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহও আজকের দিনে শ্রদ্ধা নিবেদন করে বলেন, সন্ত্রাসবাদ কোনো একটি দেশের কাছে নয়, বরং গোটা মানবজাতির কাছেই এক অভিশাপ স্বরূপ। এর বিরুদ্ধে সরকারের আপোষহীন নীতি অত্যন্ত স্পষ্ট।

মহারাষ্ট্রের মুখ্যমন্ত্রী দেবেন্দ্র ফড়নবিশ, উপমুখ্যমন্ত্রী অজিত পাওয়ার, রাজ্য পুলিশের মহানির্দেশক রেশমি শুক্লা সহ অন্যান্য আধিকারিকরা মুম্বই পুলিশ কমিশনারেটের প্রাঙ্গনে শহীদদের স্মৃতিশৌধে শ্রদ্ধা জানান।

----------------------

দিল্লির লালকেল্লার কাছে গাড়ি বিস্ফোরণে জড়িত উমর উন নবীকে আশ্রয় দেওয়ার অভিযোগে হরিয়ানার ফরিদাবাদের বাসিন্দা এক ব্যক্তিকে জাতীয় তদন্তকারী সংস্থা- এনআইএ আজ গ্রেপ্তার করেছে। এক বিবৃতিতে এনআইএ জানিয়েছে, ধৃত সোয়াব এই

মামলায় অন্যতম অভিযুক্ত। তদন্তে জানা গেছে, সোয়াব, উমর উন নবীকে যাতায়াতে সাহায্য করেছিল। ধৃতদের প্রত্যেককে জিজ্ঞাসাবাদ করা হচ্ছে। বিভিন্ন রাজ্যের পুলিশের এনআইএ ঘনিষ্ঠভাবে কাজ করছে বলেও জানিয়েছে সংস্থাটি।

----------------------

ভারত-স্লোভেনিয়া বাণিজ্য ও অর্থনৈতিক সহযোগিতা কমিটি-JCTEC-র দশম বৈঠক আজ নতুনদিল্লিতে অনুষ্ঠিত হয়। দ্বিপাক্ষিক অর্থনৈতিক সম্পর্কের বর্তমান পরিস্থিতি, গুরুত্বপূর্ণ ক্ষেত্রগুলিতে সহযোগিতা বৃদ্ধি, দুদেশের মধ্যে বাণিজ্য ও বিনিয়োগের ভবিষ্যত সম্ভাবনা নিয়ে দুপক্ষের আলোচনা হয়। এক বিবৃতিতে বাণিজ্য ও শিল্প মন্ত্রক জানিয়েছে, ভারত ও স্লোভেনিয়ার মধ্যে দ্বিপাক্ষিক বাণিজ্য গত কয়েক বছরে ধারাবাহিকভাবে বৃদ্ধি পয়েছে। কৃষি, সার, ফার্মাসিউটিক্যালস, স্বাস্থ্য, পরিবহন, জ্বালানী, পর্যটন, অতি ক্ষুদ্র, ক্ষুদ্র ও মাঝারি শিল্পোদ্যোগ, আয়ুর্বেদ ও চিরাচরিত চিকিৎসা ব্যবস্থা ইত্যাদি ক্ষেত্রে সহযোগিতা বৃদ্ধির পন্থা পদ্ধাতি নিয়ে উভয় পক্ষের কথা হয়েছে।

----------------------

নতুন শ্রম কোডের অধীনে কর্মচারীদের ন্যুনতম মজুরি এবং সামাজিক নিরাপত্তা সুনিশ্চিত করা বাস্তবিকরূপে সম্ভব নয় বলে সমাজমাধ্যমে যে তথ্য প্রচারিত হচ্ছে, তা সরকার খারিজ করে দিয়েছে। ভাইরাল হওয়া ঐ বার্তায় দাবি করা হচ্ছে, ৯০ শতাংশ শ্রমিক অসংগঠিত ক্ষেত্রের সঙ্গে যুক্ত এবং তারা এই কোডের অধীনে আসছেন না। পিআইবির ফ্যাক্ট চেক ইউনিট এই দাবিকে সম্পূর্ণ ভুয়ো বলে উল্লেখ করেছে। একইসঙ্গে জানানো হয়েছে, সমস্ত ক্ষেত্রে সব কর্মচারীদের জন্য ন্যুনতম মজুরী সুনিশ্চিত করার সংস্থান প্রযোজ্য হবে। সামাজিক নিরাপত্তার রূপরেখার অধীনে গিগ, প্ল্যাটফর্ম এবং গৃহ সহায়তার কাজে যুক্ত কর্মী সহ সংগঠিত ও অসংগঠিত ক্ষেত্রে সকল কর্মচারীই এর

অন্তর্ভুক্ত হবেন। একইসঙ্গে উপযুক্ত তথ্য এবং বিশ্বাসযোগ্য সূত্রের খবরের ওপরেই ভরসা করার জন্য জনগণকে আবেদন জানিয়েছে।

---------------------

এবার আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসবের খবর

(ইনসার্ট)

গোয়ায় ৫৬তম আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসবের 'সেরা ডেবিউ ফিচার ফিল্ম বিভাগে' আজ প্রদর্শিত হয়েছে মেক্সিকান চলচ্চিত্র- দ্য ডেভিল স্মোকস।

পরিচালক এরনেস্তো মার্টিনেজ বুকিও ইফিতে তাঁর ছবি জায়গা করে নেওয়ায় উচ্ছ্বাস ব্যক্ত করেন। এই চলচ্চিত্র ইতিমধ্যেই ২০২৫ বার্লিন ইন্টারন্যাশনাল ফিল্ম ফেস্টিভালে পুরস্কার জিতেছে।

মিউজিক

---------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ৩০ শে নভেম্বর (রবিবার) আকাশবাণীতে "মন-কি-বাত" অনুষ্ঠানে তাঁর চিন্তাভাবনা দেশ-বিদেশের মানুষের সঙ্গে ভাগ করে নেবেন। এটি হবে মাসিক এই বেতার অনুষ্ঠানের ১২৮-তম পর্ব।

বেলা ১১-টা থেকে আকাশবাণী এবং দূরদর্শনের সবকটি চ্যানেল এবং আকাশবাণীর নিউজ অন এ.আই.আর. ওয়েবসাইট, মোবাইল অ্যাপ, প্রধানমন্ত্রীর দফতর, তথ্য ও সম্প্রচারমন্ত্রকের ওয়েবসাইট ও ইউটিউব চ্যানেলেও "মন-কি-বাত" সম্প্রচারিত হবে।

হিন্দিতে এই অনুষ্ঠান সম্প্রচারিত হবার পরেই আঞ্চলিক ভাষায় এর তর্জমা শোনা যাবে।

নিঃশুল্ক নম্বর ১৮০০-১১-৭৮০০ নম্বরে ম্যাসেজ করে কিংবা মাই গভ বা নমো অ্যাপে মতামত জানানো যাবে।

----------------------

ভিয়েতনামে ভারী বৃষ্টি এবং বন্যার কারণে মৃতের সংখ্যা বেড়ে হয়েছে ৯৮। ১০ জন এখনও নিখোঁজ। ভিয়েতনামের দুর্যোগ ব্যবস্থাপনা কর্তৃপক্ষ জানিয়েছে, দু হাজারের বেশি বাড়ি ক্ষতিগ্রস্ত। বন্যায় ৫১ হাজার ৮০০ হেক্টরের বেশি জমির ফসল জলের তলায়। ভিয়েতনামের প্রধানমন্ত্রী ফাম মিন চিন, দুর্যোগ মোকাবিলায় যাবতীয় পদক্ষেপ নিতে স্থানীয় প্রশাসনগুলিকে নির্দেশ দিয়েছে। ৭৫ হাজার পরিবার এখনও বিদ্যুৎ বিহীন অবস্থায় দিন কাটাচ্ছেন।

----------------------

দক্ষিণ আফ্রিকা ভারতের বিরুদ্ধে দুই ম্যাচের টেস্ট ক্রিকেট সিরিজ ২-০ তে জিতে নিয়েছে। গুয়াহাটির বর্ষাপারা স্টেডিয়ামে দ্বিতীয় ক্রিকেট টেস্টে দক্ষিণ আফ্রিকা ভারতকে ৪০৮ রানে হারিয়ে দিয়েছে। ম্যাচ জয়ের জন্য ৫৪৯ রানের লক্ষ্যে আজ পঞ্চম দিনে ২ উইকেটে ২৭ রান নিয়ে খেলতে নেমে চা পানের বিরতির পর ভারত দ্বিতীয় ইনিংসে ১৪০ রানে অলআউট হয়ে যায়। রবীন্দ্র জাদেজা ৫৪ রান করেন। দক্ষিণ আফ্রিকার হয়ে সাইমন হার্মার ৬ উইকেট নিয়েছেন।

ম্যাচের সংক্ষিপ্ত স্কোর দক্ষিণ আফ্রিকা ৪৮৯ ও ৫ উইকেটে ২৬০ ডিক্লেয়ার, ভারত ২০১ ও ১৪০।

২৫ বছর পর ভারতের মাটিতে টেস্ট সিরিজ জিতলো দক্ষিণ আফ্রিকা। গত বছর নিউজিল্যান্ড এর বিরুদ্ধে সিরিজের পর ফের একবার দেশের মাঠে টেস্ট সিরিজে হোয়াইটওয়াশ হলো ভারত।

--------------------- ---------------------